

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩৮৪

৫/ মাসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা (كتاب المساجد ومواضع الصلاة) পরিচ্ছেদঃ ৫/৪৭. ওজরের কারণে জামাআত থেকে পিছিয়ে থাকার অনুমতি।

الرخصة في التخلف عن الجماعة بعذر

## আরবী

حَدِيْثُ عِبْبَانَ بْنَ مَالِكُ وَهُوَ مِنْ أَصْحَابِ رَسُولِ اللهِ عَلَيْ مِمَّنْ شَهِدَ بَدْرًا مِنَ الْأَنْصَارِ اللهِ عَلَيْ أَتَى رَسُولَ اللهِ عَلَيْ فَقَالَ يَا رَسُولَ اللهِ قَدْ أَنْكَرْتُ بَصَرِي وَأَنَا أُصِلِّي لِقَوْمِي فَإِذَا كَانَتُ الْأَمْطَارُ سَالَ الْوَادِي الَّذِي بَيْنِي وَيَيْنَهُمْ لَمْ أَسْتَطِعْ أَنْ آتِي مَسْجِدَهُمْ فَأُصَلِّي بِهِمْ وَوَدِدْتُ يَا رَسُولَ اللهِ قَالَ فَقَالَ لَهُ رَسُولُ اللهِ عَلَيْ سَأَفْعَلُ إِنْ شَاءَ اللهُ قَالَ عِبْبَانُ فَغَدَا رَسُولُ اللهِ عَلَيْ وَأَبُو بَكْرٍ حِينَ ارْتَفَعَ اللّهَ عَلَيْ سَأَفْعَلُ إِنْ شَاءَ اللهُ قَالَ عِبْبَانُ فَغَدَا رَسُولُ اللهِ عَلَيْ وَأَبُو بَكْرٍ حِينَ ارْتَفَعَ النَّهَارُ فَاسْتَأْذَنَ رَسُولُ اللهِ عَلَيْ فَأَدْنِتُ لَهُ فَلَمْ يَجْلِسْ حَتَّى دَخَلَ الْبَيْتَ ثُمَّ قَالَ أَيْنَ تُحِبُ النَّهَارُ فَاسْتَأْذَنَ رَسُولُ اللهِ عَلَيْ فَقَامَ رَسُولُ اللهِ عَلَيْ فَقَامَ رَسُولُ اللهِ عَلَيْ فَكَمْ وَلَكَ مُنَافِقٌ لَا يُحِبُ الْبَيْتِ وَقَالَ اللهُ عَلَيْ فَكَبْرَ الْبَيْتِ وَجَالً مِنْ أَهْلِ الدَّارِ ذَوُو عَدَد فَاجْتَمَعُوا فَقَالَ قَائِلٌ مِنْهُمْ أَيْنَ مَالِكُ بْنُ فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْ لَا يُعْضَهُمْ ذَلِكَ مُنَافِقٌ لاَ يُحِبُ اللهَ وَرَسُولُهُ فَقَالَ رَسُولُ الله وَرَسُولُهُ فَقَالَ رَسُولُ الله وَرَسُولُهُ فَقَالَ اللهُ وَرَسُولُهُ فَقَالَ اللهُ وَرَسُولُهُ فَقَالَ اللهُ وَرَسُولُهُ وَجْهَ اللهِ عَلَى لاَ إِنَّا اللهُ يَبْتَغِي بِذَلِكَ وَجْهَ اللهِ عَلَى اللهِ قَالَ اللهُ قَلْ اللهُ عَلَى اللهُ قَلْ مَالِكُ اللهُ قَلْ وَحُهُ اللهِ عَلَى النَالُ اللهُ عَلَى اللهُ قَلْ وَحْهُ اللهِ عَلَى اللّهُ عَلَى اللهُ عَلَى اللهُ قَلْ وَهُولُ اللهُ قَلْ مَلُ اللهُ قَلْ مَلْ اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى النَالُو مَنُ عَلَى اللهُ عَلْ اللهُ عَلَى اللهُ عَلْ اللهُ عَلَى اللهُ عَلَى النَّالِ عَلَى اللهُ عَلَى النَّالِ عَلَى النَّالِو مَلْ اللهُ عَلَى اللهُ اللهُ عَلَى اللهُ عَلَى النَّالِ عَلَى اللهُ اللهُ عَلَى اللّهُ اللهُ عَلَى اللّهُ عَلَى اللهُ المَالِعُ اللهُ عَلَى اللهُ اللهُ عَلْهُ اللهُ عَلْ

## বাংলা

৩৮৪. মাহমূদ ইবনু রাবী' আনসারী (রাযি.) হতে বর্ণিত যে, 'ইতবান ইবনু মালিক (রাযি.), যিনি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে বদরের যুদ্ধে অংশ গ্রহণকারী আনসারগণের অন্যতম, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হাযির হয়ে আর্য করলেনঃ ইয়া রাসূলাল্লাহ! আমার দৃষ্টিশক্তি হ্রাস পেয়েছে। আমি আমার গোত্রের লোকদের নিয়ে সালাত আদায় করি। কিন্তু বৃষ্টি হলে আমার ও তাদের বাসস্থানের



মধ্যবর্তী নিম্নভূমিতে পানি জমে যাওয়াতে তা পার হয়ে তাদের মসজিদে পৌঁছতে এবং তাদেরকে নিয়ে সালাত আদায় করতে সমর্থ হই না। আর ইয়া রসূলাল্লাহ! আমার একান্ত ইচ্ছে যে, আপনি আমার ঘরে এসে কোন এক স্থানে সালাত আদায় করেন এবং আমি সেই স্থানকে সালাতের জন্য নির্দিষ্ট করে নিই। রাবী বলেনঃ তাঁকে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ইনশাআল্লাহু অচিরেই আমি তা করব।

'ইতবান (রাযি.) বলেনঃ পরদিন সূর্যোদয়ের পর আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আবৃ বকর (রাযি.) আমার ঘরে তাশরীফ আনেন। আল্লাহর রসূল্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভেতরে প্রবেশ করতে চাইলে আমি তাঁকে অনুমতি দিলাম। ঘরে প্রবেশ করে তিনি না বসেই জিজ্ঞেস করলেনঃ তোমার ঘরের কোন্ স্থানে সালাত আদায় করা পসন্দ কর? তিনি বলেনঃ আমি তাঁকে ঘরের এক প্রান্তের দিকে ইঙ্গিত করলাম। অতঃপর আল্লাহর রসূল্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়ালেন এবং তাকবীর বললেন। তখন আমরাও দাঁড়ালাম এবং কাতারবন্দী হলাম। তিনি দু'রাক'আত সালাত আদায় করলেন। অতঃপর সালাম ফিরালেন।

তিনি ('ইতবান) বলেনঃ আমরা তাঁকে কিছুক্ষণের জন্য বসালাম এবং তাঁর জন্য তৈরি 'খাযীরাহ' নামক খাবার তাঁর সামনে পেশ করলাম। রাবী বলেনঃ এ সময় মহল্লার কিছু লোক ঘরে ভীড় জমালেন। তখন উপস্থিত লোকদের মধ্য হতে এক ব্যক্তি বলে উঠলেন, 'মালিক ইবনু দুখাইশিন' কোথায়? অথবা বললেনঃ 'ইবনু দুখশুন' কোথায়? তখন তাঁদের একজন জবাব দিলেন, সে মুনাফিক। সে মহান আল্লাহ ও আল্লাহর রাসূলকে ভালবাসে না। তখন আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এরূপ বলো না। তুমি কি দেখছ না যে, সে আল্লাহর সন্তোষ লাভের জন্যে 'লা-ইলাহা ইল্লাল্লাহ'' বলেছে? তখন সে ব্যক্তি বললেনঃ আল্লাহ ও তাঁর রাসূলই ভাল জানেন। আমরা তো তার সম্পর্ক ও নাসীহাত কামনা মুনাফিকদের সাথেই দেখি। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আল্লাহ তা'আলা তো এমন ব্যক্তির প্রতি জাহান্নাম হারাম করে দিয়েছেন, যে আল্লাহর সম্ভিষ্টি লাভের উদ্দেশে 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলে।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৮ : সালাত, অধ্যায় ৪৬, হাঃ ৪২৫; মুসলিম, পূর্ব ৫; মসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা, অধ্যায় ৪৭, হাঃ ৩৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মাহমূদ ইবনুর-রাবী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন